খুব অল্প খরচে
যে কোনো বাংলা, ইংরাজী ও হিন্দি পত্রিকায় খুব কম খরচে বিজ্ঞাপন দেওয়া হয়।
নাম চেঞ্জ, বিজ্ঞপ্তি, হারানো প্রাপ্তি, পাত্রপাত্রী, কর্মখালি
আনন্দবাজার পত্রিকা The Telegraph THE TIMES OF INDIA দৈনিক যুগশঙ্খ
বর্তমান সংবাদ প্রতিদিন সন্মার্গ প্রভাত খবর
9232633899 THE ECHO OF INDIA

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ☐ Postal Regn. No.- Brs/135/2020-2022 ☐ Vol. 08 ☐ Issue 43 ☐ 09 Jan., 2025 ☐ Weekly ☐ Thursday ☐ ₹ 3

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M
অলঙ্কার
সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

জমি দখলের দাবি বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর!

প্রতিনিধি ঃ উত্তর ২৪ পরগনার বাগদার রনঘাট সীমান্ত এলাকায় বিজিবির জমি দখলের অভিযোগ ওড়ালো বিএসএফ। বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনী সে দেশের ঝিনাইদহে ৫ কিলোমিটার সীমান্ত এলাকা পুনরুদ্ধার করার বিষয়ে বাংলাদেশ মিডিয়ায় প্রচারিত খবর অসত্য এবং ভিত্তিহীন বলে দাবি করল বিএসএফ।

মঙ্গলবার ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী জানিয়েছে, বাংলাদেশের ঝিনাইদহের মাটিলা গ্রামের ০৫ কিলোমিটার সীমান্ত এলাকা বিজিবি পুনরায় দাবি করার বিষয়ে ০৭ জানুয়ারী ২০২৫ তারিখে বাংলাদেশ মিডিয়া চ্যানেল এশিয়ান এজ-এ প্রকাশিত নিবন্ধটি ভিত্তিহীন। দায়িত্বজ্ঞানহীন এবং অসত্য। সেখানে দাবি করা হয়েছে যে, ১৯ ডিসেম্বর,

তৃতীয় পাতায়...

সীমান্তে উত্তেজনা আবহেই বিএসএফ ও বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর বৈঠক বেনাপোলে

প্রতিনিধি ঃ ভারত বাংলাদেশ সীমান্তের একাধিক জায়গায় উত্তেজনার পরিবেশ তৈরি হয়েছে। সেই আবহে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর সঙ্গে বৈঠক হলো বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর। বৃহস্পতিবার এই বৈঠকে উপস্থিত ছিলেন বিএসএফের আইজি সাউথ বেঙ্গল মনিন্দর সিং পাওয়ার। এদিন তিনি পেট্রাপোল বন্দরে সকাল ১১ টায় আসেন। তারপর বাংলাদেশের বেনাপোলে যান। সেখানে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর সঙ্গে সমন্বয় বৈঠক হয়।

বিএসএফ জানিয়েছে, দক্ষিণবঙ্গ সীমান্তের আইজি, বিএসএফ শ্রী মনিন্দর সিং পাওয়ার ও বর্ডার গার্ড বাংলাদেশ এর আঞ্চলিক কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ হুমায়ুন কবির পিএসসির মধ্যে এই বৈঠক হয়। বৈঠকে সীমান্তে সমন্বয় ও শান্তি বজায় রাখার পাশাপাশি দুই সীমান্ত নিরাপত্তা বাহিনীর মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়। আন্তঃসীমান্ত অপরাধের বিরুদ্ধে যৌথ প্রচেষ্টা সহ একাধিক বিষয়ে আলোচনা হয়।

LONG LIVE BGB-BSF FRIENDSHIP
RC BGB-IG BSF ... EL
INFORMAL M...
...NUARY 2025, JASH... ...ESH
BORDER GUARD BANGLADESH
BSF

এদিনের আলোচনায় উভয় পক্ষই দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করা এবং ভারত ও বাংলাদেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধির জন্য প্রচেষ্টা চালিয়ে যাওয়ার কথা বলেন। আইজি মনিন্দর সিং পাওয়ার বলেন, এটা একটি রুটিন মাফিক মিটিং। বিজিবির ডাকে বেনাপোলে এই মিটিং হয়। ওখানে বিজিবির উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

তৃতীয় পাতায়...

পথ দুর্ঘটনা কমেছে বনগাঁ-এ, দাবি পুলিশের

প্রতিনিধি ঃ বনগাঁ মহকুমায় পথদুর্ঘটনা কমানো গিয়েছে বলে দাবি করল বনগাঁর পুলিশ সুপার দীনেশ কুমার। মঙ্গলবার জেলা পুলিশ অফিসে সাংবাদিক বৈঠক করে তিনি ওই দাবি করেন। পুলিশ জানিয়েছে, ২০২৩ সালে বনগাঁ পুলিশ জেলায় পথ দুর্ঘটনায় মারা গিয়েছিলেন ১০৬ জন। ২০২৪ সালে পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৬৫ জনার। পুলিশ সুপার বলেন, যান চালক সাধারণ মানুষের সহযোগিতার পাশাপাশি ২৪ ঘন্টা নাকা তল্লাশি, ট্রাফিক ব্যবস্থা মজবুত করা এবং বেপরোয়া যান চলাচলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়াতেই এই সাফল্য মিলেছে। পুলিশ জানিয়েছে, বনগাঁ পুলিশ জেলায় চালু হয়েছে অনলাইন জরিমানা। গাড়ি না থামিয়ে ছবি তুলে নিয়ম না মেনে গাড়িচালকদের বিরুদ্ধে অনলাইনে নোটিশ পাঠিয়ে দেওয়া হচ্ছে। ২০২৪ সালে জরিমানা করা হয়েছে ৮৫ লক্ষ ৪৩ হাজার টাকা। ২০২৩ সালে করা হয়েছিল ৪৮ লক্ষ ৭৩ হাজার টাকা। আগামী দিনে পথ নিরাপত্তা কমাতে আরো বেশ কিছু ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন পুলিশ সুপার।

আদালত চত্বরে নাবালিকাকে হুমকির অভিযোগ, নাবালিকার নিরাপত্তা বাড়ানোর নির্দেশ বিচারকের

প্রতিনিধি ঃ ১৫ বছরের ধর্ষিতা নাবালিকা তার সৎ বাবার বিরুদ্ধে আদালতে সাক্ষী দিতে এসেছিলেন। অভিযোগ, সৎ বাবার দুই বন্ধু এসে তাকে এবং তার মাকে প্রাণনাশের হুমকি দিয়েছে। এই ঘটনায় শনিবার দুপুরে শোরগোল পড়ে গিয়েছে বনগাঁ মহকুমা আদালতে।

পুলিশ জানিয়েছে, নাবালিকার মায়ের দুটি বিয়ে। আগের পক্ষে দুটি মেয়ে আছে। সকলে একটি বাড়িতে ভাড়া থাকতো। অভিযোগ, গত বছর জুন মাসে নাবালিকাকে ভুল বুঝিয়ে গোপালনগর এর একটি বাড়িতে নিয়ে যাওয়া হয়। সেখানে সৎ বাবার একটি ভাড়া নেওয়া ঘর ছিল। অভিযোগ, সেখানে মেয়েটিকে আটকে রেখে রাতে ধর্ষণ করা হয়। পরে মেয়েটির মায়ের অভিযোগের ভিত্তিতে সৎ বাবাকে

তৃতীয় পাতায়...

যশোর রোডে ফের দুর্ঘটনা, জখম ১০, গুরুতর ৩

প্রতিনিধি ঃ ফের যশোর রোডে দুর্ঘটনা বনগাঁয়। বনগাঁর সাতভাই কালিতলা মন্দিরে পুজো দিয়ে বাড়ি ফেরার পথে ম্যাটাডোর উল্টে জখম ১০। তারমধ্যে ৫ জন মহিলা রয়েছে। শনিবার বিকাল সাড়ে তিনটা নাগাদ ঘটনাটি ঘটেছে বনগাঁ থানার দোগাছিয়া কালুপুর এলাকায়। ঘটনাস্থলে পুলিশ ও স্থানীয়রা জখমদের উদ্ধার করে বনগাঁ মহকুমা হাসপাতালে পাঠিয়েছে। বনগাঁ হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, জখমদের মধ্যে ৫ জন মহিলা রয়েছে। তিন জনের অবস্থা আশঙ্কাজনক। জানা গিয়েছে, আহতরা হরিণঘাটা থানার কাষ্ঠোডাঙার বাসিন্দা।

পৌষ মাসে কালীতলার পৌষ মেলায় হাজার হাজার মানুষ আসেন। দূরদূরান্ত থেকে গাড়ি চেপে শনি, মঙ্গলবার পুজো দেন, মানসিক করেন বহু মানুষ। এদিন ছোট মেট্রোর গাড়িতে করে কাষ্ঠোডাঙা থেকে গোটা ২৫ জনার একটি দল সাত ভাই কালিতলা মন্দিরে পুজো দিতে এসেছিলেন। বিকেলে তারা যশোর রোড ধরে বাড়ি ফিরছিলেন।

চতুর্থ পাতায়...

ঋতু মেঘা হোটেল এবং রেস্টুরেন্ট
আবাসিক ।। শীততাপ (AC) নিয়ন্ত্রিত।
এখানে চাইনিজ ফুড সহ বিভিন্ন খাবারের ব্যবস্থা রয়েছে।
২৪ ঘন্টাই খোলা
চাঁদপাড়া দেবীপুরস্থিত যশোর রোড সংলগ্ন কৃষি মান্ডির পাশে।
চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ভারত।
Shifting Time সকাল ১০টা থেকে পরের দিন সকাল ১০টা।
যোগাযোগ: 9332224120, 6295316907, 8158065679

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre,
5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
সার্বভৌম সমাচার
বর্ষ ০৮ ❐ সংখ্যা ৪৩ ❐ ০৯ জানুয়ারী, ২০২৫ ❐ বৃহস্পতিবার

জন বিস্ফোরণের কবলে অধুনা ভারতবর্ষ

আজ অদ্ভুত একটা ছবি চোখের সামনে কদর্যভাবে ফুটে ওঠে। যে যার চেয়ার সামলে রাখার জন্য যত রকম প্রক্রিয়া আছে কাজে লাগাচ্ছে। সাধারণ মানুষের কথা ভাবার দরকার নেই, আমার অস্তিত্ব টিকে থাক, এটাই বড় কথা। আজ সারা দেশে একটা ঘৃণ্য চক্রের জন্য মানুষের নাভিশ্বাস উঠে চলেছে। এ যেন এমনই 'অদ্ভুত আঁধার এক এসেছে এই পৃথিবীতে আজ।' জনসংখ্যা বৃদ্ধিতে আমাদের দেশ, ঠিক চীনের পরেই। ১৪০ কোটি সংখ্যাটা বাড়তে বাড়তে একটা আতঙ্কময় বিভীষিকার পথে এগিয়ে চলেছে। মানুষের সংখ্যা বাড়লে জনসংখ্যা ও খাদ্যের যোগানের ভারসাম্য নষ্ট হয়। অনিবার্যভাবেই খাদ্যাভাব,অপুষ্টি, দুর্ভিক্ষ মহামারী ইত্যাদি দেখা দেয়। দারিদ্রের কবলে পড়ে ছটফট করে মানুষ। চাকরির বাজার ভেঙে পড়ে, যাকে বলে মন্দার বাজার। বেকারের সংখ্যা বাড়ে, প্রতিযোগিতার রেষারেষি তীব্র হয়। মূল্যবোধে চিড় ধরে। সামাজিক অপরাধের মাত্রা বাড়ে। একটা আতঙ্কময় জীবন যাত্রা।

যে কোন উন্নয়নশীল দেশে অর্থনীতি ও জনসংখ্যা পরস্পরের হাত ধরাধরি করে চলে। দুজনের সঙ্গে সখ্যতা দারুণ, উৎপাদন ও বন্টন এই দুটোই অর্থনীতির প্রধান বিষয়। এই দুটোই জনসংখ্যাকে ভীষণভাবে প্রভাবিত করে। আজ জনসংখ্যা দুনিয়া জুড়ে মহাসমস্যা সৃষ্টি করেছে। বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোতে এই সমস্যা আরও বেশি। উন্নতশীল দেশের সমস্যা সেখানে তুলনায় অনেক কম। ভারতের পরিস্থিতি আরো অগ্নিগর্ভ। বর্তমানে ১৪০ কোটি অতিক্রম করে গেছে বোধহয়! এই হারে জনবৃদ্ধি চলতে থাকলে ভারতের অর্থনীতি বিধ্বস্ত হবে। ভারতের ঐতিহ্য সংস্কৃতির উপর নেমে আসবে অভিশাপ। জনবৃদ্ধি হওয়ায় মাথাপিছু জমির পরিমাণ ক্রমশ কমে যাচ্ছে। বায়ুতে অক্সিজেন কমছে আর কার্বন ডাই অক্সাইডের পরিমাণ বাড়ছে। জনসংখ্যা বৃদ্ধির ফলে অরণ্য ধ্বংস হচ্ছে, অক্সিজেনের পরিমাণ হ্রাস পাচ্ছে, নানা রোগে জনজীবন আক্রান্ত হচ্ছে, আর স্বাস্থ্যের অবনতি ঘটছে। আর কালবিলম্ব না করে জনসংখ্যা বৃদ্ধি রোধ করার জন্য জাতি ধর্ম নির্বিশেষে সরকারি নিয়ন্ত্রণ কঠোরভাবে প্রয়োজন। নয়া দৃষ্টিকোণ থেকে বাস্তবমুখী নয়া অর্থনীতির রূপায়ন। রুপায়ন না করলে দেশকে দাসত্ব স্বীকার করতে হবে অন্যের কাছে।

চাঁদপাড়ার কলরব উৎসবে নানা অনুষ্ঠান ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

নীরেশ ভৌমিক ঃ গত ৪ জানুয়ারী সকালে চাঁদপাড়ার মিলন সংঘ ময়দানের সুসজ্জিত অঙ্গনে সংগঠনের পতাকা উত্তোলন ও মঙ্গলদ্বীপ প্রজ্জ্বোলনের মধ্য দিয়ে মহাসমারোহে শুরু হয় ৩১ তম বার্ষিক কলরব উৎসব। এদিন সকালেই সুসজ্জিত মঞ্চেশুরু হয় ছোটদের ছড়াগান ও নজরুল গীতি এবং সেই সঙ্গে বসে আঁকো প্রতিযোগিতায় অংশ গ্রহন করে জাগানো কলরব সা-রে-গা-মা-পা সংগীত প্রতিযোগিতা। সন্ধ্যায় চূড়ান্ত পর্বে বিজয়ী তিনজনকে স্মৃতি পুরস্কার ও নগদ অর্থ ও শংসাপত্র প্রদানে সম্মাননা জ্ঞাপন করা হয়। রাতে আমন্ত্রিত শিল্পী সমন্বয়ে পরিবেশিত সংগীত সন্ধ্যায় দূরদর্শনের সা-রে-গা-মা-পা বিজয়ী স্বনামধন্য সংগীত শিল্পী শোভন গাঙ্গুলী ও রূপসী বাংলার প্রখ্যাত গায়িকা শ্রেয়সীর

এলেকায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। মধ্যাহ্নে সর্বসাধারণের মধ্যে অনুষ্ঠিত হয় তবলার লহড়া ও আকর্ষণীয় ড্যান্স কলরব ড্যান্স প্রতিযোগিতা। সন্ধ্যায় বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ শেষে পরিবেশিত হয় সংগীত ও নৃত্যের অনুষ্ঠান। পরিশেষে কলবর এর কর্ণধার বিশিষ্ট নাট্যবক্তিত্ত্ব গোবিন্দ কুণ্ডু রচিত ও নির্দেশিত মজার নাটক ''পটল কুমার'' সমবেত দর্শক সাধারণের উচ্চসিত প্রশংসা লাভ করে। উৎসবের দ্বিতীয় দিন সকাল থেকেই শুরু হয়, দিকে দিকে সাড়া সংগীতানুষ্ঠান সমবেত দর্শক ও শোতৃমণ্ডলীকে মুগ্ধ করে। আমন্ত্রিত শিল্পীদ্বয়ের সংগীতানুষ্ঠার পূর্বে কলরব এর সংগীত শিল্পীদের স্বরচিত উদ্বোধনী সংগীত এবং স্থানীয় পূরবী মেঘ ড্যান্স স্কুলের বিশিষ্ট নৃত্যশিল্পীদের নৃত্যের অনুষ্ঠান দর্শক মণ্ডলীর মন জয় করে। সবকিছু মিলিয়ে এবারের কলরব উৎসব-২০২৫ বেশ মনোগ্রাহী হয়ে ওঠে। তবে অনুষ্ঠানের শেষ লগ্নে জনৈক দর্শকদের আচরণ সকলের মাথা হেঁট করে দেয়। যা বড়ই দুঃখজনক!

দীর্ঘ ১৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন
সবিতা অ্যাড এজেন্সি
বিজ্ঞাপনী অডিও প্রচারের জন্য যোগাযোগ করুন...
M. 9474743020

ভ্রমণ ঃ

সূর্যোদয় ভূমি অরুণাচল

অজয় মজুমদার

স্থানীয় লোককাহিনীর মতে, সেলা নামের এক মহিলার নামে , যিনি ষষ্ঠ দালাই লামার একনিষ্ঠ অনুসারী '। পাসটি এর শ্বাসরুদ্ধকর দৃশ্য, নির্মল সেলালেক এবং এর কৌশলগত গুরুত্বের জন্য বিখ্যাত।

প্যারাডাইস লেক : ৮৪ একর জমির ওপর লেকটি অবস্থিত ও বর্তমানে এই লেকে সাঁতার কাটা নিষিদ্ধ। শুধু দর্শনার্থীরা পার্ক অফিস থেকে বা অনলাইন থেকে লেকে দিনের পাস বা মৌসুমী পার্কিং পাস কিনতে পারে।

যশোবন্ত সিং রাওয়াত : এম ভি সি (১৯ শে আগস্ট ১৯৪১) ছিলেন একজন ভারতীয় সৈনিক এবং মরণোত্তর মহাবীর চক্রের একজন প্রাপক। সেটির জন্য তিনি চীন ভারত নুরানাং যুদ্ধের সময় তাঁর বীরত্বের জন্য পুরস্কৃত হন । ১৭ ই নভেম্বর ১৯৬২ নর্থ ইস্ট ফ্রন্টিয়ার এজেন্সিতে (বর্তমান অরুণাচল প্রদেশ) নুরানাং যুদ্ধের সময় রাইফেলম্যানস যশোবন্ত সিং রাওয়াত চতুর্থ গারোয়াল রাইফেলস রেজিমেন্টের দায়িত্ব পালন করছিলেন। তাদের অবস্থানে পিপল লিবারেশন আর্মি দুটি অভিযোগ পাঠিয়ে ছিল। তৃতীয় অনুপ্রবেশের সময়, একটি চীনা মাঝারি মেশিনগান (এম এম জি) ভারতীয় প্রতিরক্ষার কাছাকাছি এসে তাদের অবস্থানে নির্ভুলভাবে গুলি চালিয়েছিল। রাইফেলম্যান যশোবন্ত সিংহ রাওয়াত, লেন্স নায়েক ত্রিলোক সিং নেগি এবং রাইফেলম্যান গোপাল সিং গুছাইনের সাথে এম এম জি বশ করতে স্বেচ্ছায় কাজ করেছিলেন। রাওয়াত এবং গুসাইন, নেগির কাছ থেকে কভার ফায়ারের সাহায্যে মেশিনগান অবস্থানের একটি গ্রেনেড নিক্ষেপের দূরত্বের মধ্যে বন্ধ হয়ে যায়। এবং পাঁচটি সেন্ট্রির চিনা আউট ডিটাচমেন্টকে নিরপেক্ষ করে, প্রক্রিয়ায় এম এম জি বাজেয়াপ্ত করে। যাই হোক ফিরে আসায় সময়, গুসাইন এবং নেগি প্রাণ হারান এবং রাওয়াত গুরুতর আহত হন। যদিও তাঁর কাছে তখনও বন্দী অস্ত্র ছিল। যুদ্ধের ফলে ৩০০ জন চিনা হতাহত হয়েছিল। সেখানে ফোর্থ গারোয়ালের রাইফেল মাত্র দুটি লোককে হারিয়েছিল এবং আট জন আহত হয়েছিল।

রাওয়াতের কোম্পানি শেষ পর্যন্ত পিছিয়ে পড়ার সিদ্ধান্ত নেয়। কিন্তু রাওয়াত থেকে যায় এবং সেলা ও নূরা নামে দুই স্থানীয় মনপা মেয়ের সাহায্যে লড়াই চালিয়ে যায়। পরে সেলাকে হত্যা করে নূরাকে আটক করা হয়। রাওয়াত ৭২ ঘন্টা শত্রুকে আটকে রেখেছিলেন। কিছু অ্যাকাউন্ট দাবি করে রাওয়াত তাঁর শেষ রাউন্ড গোলা বারুদ দিয়ে নিজেকে হত্যা করেছিলেন। অন্যান্যরা বলে তাকে চিনা সৈন্য বন্দী করে, মৃত্যুদণ্ড দেয়। যুদ্ধ শেষ হবার পরে কমান্ডার রাওয়াতের কাটা মাথা এবং তার একটি পিতলের অবাক্ষ ভারতে ফিরিয়ে দেয়।

যশোবন্ত রাওয়াতের সাহসিকতাকে সম্মানিত করা হয়েছিল। তার হাতে

চলবে...

উপন্যাস

বেঙ্গালুরু উবাচ ১



পীযূষ হালদার

গত সপ্তাহের পর...

"তুইতো এই দু'বছরে বেশ কথা শিখেছিস।" দিদিমা হাসল। দিদিমার হাসিটা কী সুন্দর! বোর্ডিং-এ যাওয়ার আগে দিদির বাড়ি ঘুরে গিয়েছিলাম মায়ের সাথে। মা-ই তখন বলেছিল দিদিমা বলে ডাকবি। আমি আমার দিদিমাকে দেখিনি কোনদিন। আমার জন্মের অনেক আগেই মারা গিয়েছিল। তবে এই দিদিমাকে দেখতে খানিকটা আমার মায়ের মতো। পরিষ্কার, ছোটখাটো, মুখে হাসি নিয়ে সব সময় কাজ করে যাচ্ছে। মাথায় কোঁকড়া সাদা চুল। পরনে সাদা ধবধবে সাদা কাপড়। হ্যাঁ, দাদু বীরেণ মন্ডল দু'বছর আগে মারা গিয়েছেন।

বীরেণ মন্ডলের বাড়ি দিদিদের বাড়ির ডান দিকে অর্থাৎ পশ্চিম দিকে। তারপর ধীরেন মন্ডল, কানাই মন্ডল, যতীন মন্ডল, মাধব মন্ডল। পাঁচ ভাই। এই পাঁচ ভাই মিলেই মন্ডলপাড়া।

মাধব মণ্ডল বেঁচে আছে। মাধব মন্ডলের দুই বিয়ে। প্রথম পক্ষের স্ত্রী গত হওয়ার পরেই দ্বিতীয় বিয়ে। প্রথমা স্ত্রীর এক বিধবা কন্যা বাপের বাড়িতে এসে থাকে। দ্বিতীয় স্ত্রীর দুই সন্তান। কার্ত্তিক আর নরেন। তখনও অবধি কারও চাকরি বাকরি নেই। চাষের উপরেই নির্ভর। এই মাধবপুর গ্রামে একমাত্র মাধব মন্ডলের বাড়িটাই দোতলা। সে কারণে মাধব মন্ডলের মেয়ের গর্বের অন্ত ছিল না। ও পাড়ার বিশ্বাস বাড়ির সুধন্য বিশ্বাসের স্ত্রী একবার মাধবীলতাকে ডেকে বলেছিল, " তুই এত ফেটর ফেটর করিস কেন রে! এটা কী তোর বাড়ি! বাপ মরে গেলেই দুটো তলা দুই ভাই দখল করে নেবে। তখন তুই কোথায় যাবি। এখন আর সে যুগ নেই, যে সৎ মায়ের পেটের ছেলেরা দিদি দিদি করে তোকে আগলে রাখবে। আর দুধ ভাত খাওয়াবে!

মাধবীলতা কেঁদেকেটে একাকার। সারা পাড়ার লোক জেনে গিয়েছিল। এ নিয়ে বিস্তর গন্ডগোলও হয়েছিল। শেষ পর্যন্ত সুধন্য বিশ্বাসকে মাধব মণ্ডলের কাছে ক্ষমা চাইতে হয়েছিল।

সুধন্য বিশ্বাসরা হচ্ছে মন্ডলপাড়ার বিপরীত দিকে। রাস্তার উল্টোদিকেই শুরু এই বিশ্বাস পাড়া। এরা নয় ভাই। দুই ভাই বেঁচে নেই। বার্ধক্যজনিত কারণেই তাদের মৃত্যু হয়েছে। রোগে ভোগা চেহারা ছিল না। তাগড়াই চেহারা ছিল। বয়স শুনেছি ১০০ বছরের কাছেই ছিল। এসব আমার শোনা ওদের পরিবারের একটা ছেলের মুখে।

সুবোধ বিশ্বাস। ওই পাড়ার মেজ বিশ্বাসের ছেলে। যেহেতু আমি মাধবপুর গ্রামের অতিথি, আমার সব বাড়িতেই যাতায়াত ছিল। সবাই ডেকে নিয়ে কথা বলত। কোথায় পড়তাম। চলে আসলাম কেন!' খাতিরও কম ছিল না। মাস্টারমশাই-এর সম্বন্ধী হিসেবে, আবার শান্ত ছেলে হিসাবে।

সুবোধ আমার বন্ধু ছিল না। আমি সুবোধ দা বলেই ডাকতাম। স্বাভাবিক নয়। প্রায় আমার থেকে দশ বছরের বড় ছিল। পড়াশুনোর দৌড় ছিল এই গ্রামের ইস্কুলটুকু। চেহারাখানা দেখার মতো। একটা গেঞ্জি পরে, লুঙ্গিতে কাছা মেরে যখন মাঠে ফুটবল খেলত , দেখলেই বড়সড় গন্ডার দৌড়াচ্ছে বলে মনে হতো। সুবোধের সামনে কেউ দাঁড়াবার ছিল না। হাতটা একটু ঘোরালেই আশপাশে যারা থাকত সরে যাওয়ার সময় পেত না। বিপরীত দলের প্লেয়ার কেউ একজন ছিটকে পড়লেই রেফারি ফাউলের বাঁশি বাজাত। তা নিয়ে দু'দলের মধ্যে খানিকটা তর্ক বিতর্কও হত। তবে একটা ব্যাপার ছিল, ফুটবল খেলা, কবাডি খেলা এসব যখন হত তখন কিন্তু মণ্ডলপাড়া ভার্সেস বিশ্বাস পাড়া না। স্কুলটা ছিল মাঠের। জামাইবাবুর নির্দেশ ছিল, কোন দিনও এই মাঠে দলাদলি করে খেলা হবে না। সব ছেলেদের নিয়ে দুটো দল করে খেলতে হবে। স্কুলে যেমন এ পাড়া ওপাড়া আলাদা বসার কোনও ভেদ থাকে না। এই নির্দেশটা জামাইবাবু ক্লাসে ক্লাসে বলে দিতেন। যার ফলে ছাত্ররা স্কুলের নির্দেশ মেনেই কোনদিন ভাগাভাগি করে খেলতো না।

একবারের একটা ঘটনা বলি। মাধবপুর গ্রামে ঘন, বেশ বড়ো

চলবে...

জাল শংসাপত্র দিয়ে ডাক বিভাগে চাকরি, ধৃত অভিযুক্ত। শুরু রাজনৈতিক তরজা

প্রতিনিধি ঃ জাল মাধ্যমিক শংসাপত্র জমা দিয়ে ডাক বিভাগে চাকরি পাওয়ার অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করল পুলিশ। পুলিশ জানিয়েছে, ধৃতর নাম সরজিত মন্ডল। বাড়ি বনগাঁ থানার রামচন্দ্রপুর এলাকায়। সোমবার রাতে পুলিশ তাকে গ্রেফতার করে।

সূত্রে জানা গিয়েছে, কয়েক মাস আগে পোস্ট অফিসের গ্রামীন সেবক পোস্টে চাকরির জন্য উপযুক্ত আবেদন করেছিল। ওই গ্রামীণ সেবক পোস্টে চাকরির জন্য সে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় এর মাধ্যমিক মার্কশিট ও সার্টিফিকেট জমা দিয়েছিল। ডাক বিভাগের কর্তাদের সেই মার্কশিট ও সার্টিফিকেট দেখে সন্দেহ হয়। পরে তারা সেই সার্টিফিকেট ভেরিফাই করতেই জানতে পারে সেটি জাল। এর পরেই তারা বনগাঁ থানায় লিখিত অভিযোগ দায়ের করে। অভিযোগ পেয়ে পুলিশ তাকে গ্রেফতার করেছে।

যা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। তৃণমূলের অভিযোগ, অভিযুক্ত যুবক বিজেপি পরিবারের ছেলে। বনগাঁ সাংগঠনিক জেলার তৃণমূল সভাপতি বিশ্বজিৎ দাস বলেন, 'স্থানীয় ঘাটবাওর গ্রাম পঞ্চায়েতের বিজেপির বিরোধী দলনেতার আত্মীয় অভিযুক্ত। বিজেপি কর্মী সে। বিজেপি দুর্নীতির সঙ্গে যুক্ত, এই ঘটনাই তার সবচেয়ে বড় প্রমাণ। অভিযোগ অস্বীকার করে বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলা সভাপতি দেবদাস মন্ডল বলেন, 'বিজেপি অন্যায়কে প্রশ্রয় দেয় না। বিজেপি নেতার কেউ আত্মীয় কোন অন্যায় করলে তার দায় বিজেপি নেতার নয়। তার মানে সব বিজেপি এমন ভাবার কোন কারণ নেই। তৃণমূল চুরি জালিয়াতির সঙ্গে যুক্ত, সে কারণে বিজেপিকে কালিমালিপ্ত করার চেষ্টা করছে।

স্টুডেন্টস উইক-এ নানা অনুষ্ঠান গাইঘাটার ডেওপুল হাই স্কুলে

নীরেশ ভৌমিক ঃ স্টুডেন্টস উইক (১-৮ জানুয়ারী) উপলক্ষ্যে গত ৮ জানুয়ারী বিদ্যালয়ে নানা অনুষ্ঠানের আয়োজন করে গাইঘাটা ব্লকের ডেওপুল অধর মেমোরিয়াল হাইস্কুল কর্তৃপক্ষ। ছাত্রসপ্তাহ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন গাইঘাটার দুই চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক রজত রঞ্জন ঘোষ, অবসরপ্রাপ্ত শিক্ষক ও সমাজকর্মী শ্যামল বিশ্বাস, বিদ্যালয়ের পরিচালক সমিতির সভাপতি বিজয় সরকার প্রমুখ। বিদ্যালয়ের প্রধান শিক্ষক অনুপ কুমার দেবনাথ সকলকে স্বাগত জানান। শিক্ষক-শিক্ষিকাগণ বিশিষ্টজনদের পুস্পস্তবকে বরণ করেন।

বিশিষ্ট ব্যক্তিবর্গ তাঁদের বক্তব্যে শিক্ষার্থীদের অন্তর্নিহিত গুণাবলীর বিকাশ সাধনে এ ধরনের অনুষ্ঠানের গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যক্ত করেন। বিদ্যালয়ের সুসজ্জিত মঞ্চে ছাত্র-ছাত্রীরা সংগীত, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করে। বিশিষ্ট জনদের হাত দিয়ে বিগত বার্ষিক পরীক্ষায় বিভিন্ন শ্রেনীতে ১ম, ২য় ও তৃতীয় স্থানাধিকারী ছাত্র-ছাত্রীর হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। শিক্ষার্থীগণ আয়োজিত হস্তশিল্পের প্রদর্শনী সকলের নজর কাড়ে। অনুষ্ঠান অঙ্গনে পড়ুয়াগণ আয়োজিত খাদ্য উৎসবে পিঠেপুলি, পকোড়া ও ফুচকার স্টলে ক্রেতাদের স্বতঃস্ফুর্ত উপস্থিতি এদিনের নানা অনুষ্ঠানকে ঘিরে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীগণের মধ্যে বেশ উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

জমি দখলের দাবি

প্রথমপাতার পর...

২০২৪ বিজিবি সদস্যরা নদীর উপর নিয়ন্ত্রণ পেতে মোটর চালিত নৌকা এবং এটিভি ব্যবহার করে ২৪ ঘন্টা টহল শুরু করেছিল। ৫৮ বিজিবির নবনিযুক্ত কমান্ডিং অফিসার লেফটেন্যান্ট কর্নেল রফিক ইসলামের করা মিথ্যা দাবিগুলি দৃঢ়ভাবে অস্বীকার করা হয়েছে। এটি একটি মনগড়া গল্প ছাড়া কিছুই নয়।

বিএসএফ জানিয়েছে, ওই এলাকাটি ভারতের দিকে উত্তর ২৪ পরগনা জেলার বাগদাহ ব্লকের রাণঘাট গ্রামের, যেখানে আইবি কোদালিয়া নদীর পাশ দিয়ে চলছে এবং নদীপথের কারণে আইবি-র উভয় পাশে রেফারেন্স পিলার দ্বারা ভালভাবে চিহ্নিত করা হয়েছে। যুগ যুগ ধরে আইবি বা বিএসএফের ডিউটি প্যাটার্নের কোনো পরিবর্তন নেই। বিএসএফ এবং বিজিবি উভয়েই তাদের কোদালিয়া নদীর পাশে দায়িত্ব পালন করে। এলাকাটি বেষ্টনীহীন এবং চোরাচালান এবং সীমান্ত অতিক্রম করে ভারতীয় ভূখন্ডে বিডি নাগরিকদের অনুপ্রবেশের ঝুঁকিপূর্ণ এরিয়া। বিএসএফ এই এলাকা থেকে আন্তঃ সীমান্ত অনুপ্রবেশ ঠেকাতে অনেক ব্যবস্থা নিয়েছে এবং এখন এই এলাকা থেকে অনুপ্রবেশের প্রচেষ্টা নগণ্য পর্যায়ে নামিয়ে আনা হয়েছে। ভারতীয় ভূমির এক ইঞ্চিও দখল করা হয়নি। প্রতিপক্ষের দ্বারা দখল করা হবে না। বিএসএফ এবং বিজিবি উভয় সীমার মধ্যে শান্তিপূর্ণভাবে তাদের এলাকায় আধিপত্য বিস্তার করছে।

মধুসূদনকাটি সমবায়ে স্বাস্থ্য শিবির ও মরণোত্তর দেহ ও চক্ষুদান অঙ্গীকার সহায়তা কেন্দ্রের উদ্বোধন

নীরেশ ভৌমিক ঃ গত ৫ জানুয়ারী গাইঘাটার মধুসূদনকাটি সমবায় সমিতির উদ্যোগে ও ব্যবস্থাপনায় জেলার প্রথম মরণোত্তর দেহদাত্রী কিরণবালা সরকার স্মৃতি মরণোত্তর দেহ ও চক্ষুদান অঙ্গীকার সহায়তা কেন্দ্রের উদ্বোধন এবং সেই সঙ্গে নিঃশুল্ক এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। সহায়তা কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মধ্যমগ্রাম নবচেতনা মঞ্চের প্রাণপুরুষ সুদীপ্ত সাহা রায়। অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে ছিলেন, মধুসূদনকাটি সমবায় সমিতির সভাপতি ও বিশিষ্ট সমাজকর্মী কালিপদ সরকার, মধ্যমগ্রাম বিজ্ঞান চেতনা মঞ্চের কর্ণধার সুরেশ কুণ্ডু, মছলন্দপুর বিজ্ঞান চেতনা মঞ্চের সম্পাদক তপন বিশ্বাস, সভাপতি অংশুমান বিশ্বাস, বর্ষিয়ান শিক্ষক ও সমাজকর্মী পবিত্র মুখোপাধ্যায়, স্থানীয় সুটিয়া গ্রাম পঞ্চায়েত প্রধান পম্পা পাল, গাইঘাটা পঞ্চায়েত সমিতির জনস্বাস্থ্য কর্মাধ্যক্ষ বাপী দাস, সদস্য টুকু চক্রবর্তী, গাইঘাটা ব্লকের বিদ্যালয় পরিদর্শক রজত ঘোষ, প্রধান শিক্ষক আশিস চক্রবর্তী প্রমুখ। অন্যতম উদ্যোক্তা অবসরপ্রাপ্ত শিক্ষক কালিপদ বাবু সকলকে স্বাগত জানান।

বিশিষ্টজনেরা সকলে মানুষের প্রয়োজনে মরণোত্তর দেহ, চক্ষু ও অঙ্গ দানের ক্ষেত্রে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। এ বিষয়ে মানুষজনকে সচেতন করার প্রয়োজনীয়তা বিষয়ে বক্তব্য রাখেন বিজ্ঞান কর্মী সুকুমার মিত্র ও তপন বিশ্বাস। পথ দুর্ঘটনায় নিহত ভাইয়ের দেহদানের কথা উল্লেখ করে বক্তব্য রাখেন সাংবাদিক দেবাশিষ মণ্ডল। জেলার প্রথম মরণোত্তর দেহদাত্রী কিরণবালা দেবীর এই মহৎ দানকে স্মরণ করে বক্তব্য রাখেন সঞ্চালক ডাঃ তাপস সরকার। এদিনের স্বাস্থ্য শিবিরে উপস্থিত রসময় ও সুপ্রিয়া আচার্য নামে এক দম্পতি মরণোত্তর দেহ ও চক্ষুদানের অঙ্গীকার করেন। আয়োজিত স্বাস্থ্য শিবিরে উপস্থিত মানুষজন বিনা ব্যয়ে স্বাস্থ্য, চক্ষু, সুগার, হার্ট ইত্যাদী পরীক্ষা করান। শিবিরে উপস্থিত বিশেষজ্ঞ চিকিৎসকগণ বিনা পারিশ্রমিকে রুগীদের স্বাস্থ্য পরীক্ষা করেন এবং প্রয়োজনীয় পরামর্শ দেন। এদিনের কর্মসূচীকে সার্থক করতে সহযোগিতার হাত বাড়িয়ে দেয় মছলন্দপুর বিজ্ঞান চেতনা মঞ্চ, সমাজসেবি সংগঠন গাইঘাটার গাজনা ছায়াবীথি এবং বারাসাতের গণ ল্যাবরেটরির কর্মীগণ। সকলের স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও সার্বিক সহযোগিতায় মধুসূদনকাটি সমবায় সমিতি আয়োজিত এদিনের সমগ্র কর্মসূচী সার্থকতা লাভ করে। এলেকার শুভবুদ্ধি সম্পন্ন মানুষজন উদ্যোক্তাদের এই মহতী উদ্যোগকে সাধুবাদ জানান।

সুকান্তপল্লীতে রক্ত দিলেন ৫৬ জন

নিজস্ব প্রতিনিধি ঃ গত ৩০ ডিসেম্বর এক স্বেচ্ছারক্তদান শিবিরের আয়োজন করে চাঁদপাড়ার ঢাকুরিয়া-দীঘা সীমান্তের সুকান্তপল্লীর ছাত্র ক্রীড়া সামাজিক সংগঠনের সদস্যরা। এদিন মধ্যাহ্নে আয়োজিত শিবিরের উদ্বোধন করেন রাজ্য সভার সাংসদ মমতা ঠাকুর। কলকাতার সেন্ট্রাল ব্ল্যাড ব্যাঙ্কের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীগণের উপস্থিতিতে ৫৬ জন সদস্য স্বেচ্ছায় রক্তদান করেন। কয়েকজন মহিলাও স্বেচ্ছায় রক্তদান করেন। রক্তদাতা ও উদ্যোক্তাদের শুভেচ্ছা জানাতে শিবিরে আসেন চাঁদপাড়ার প্রধান দীপক দাস, অধ্যাপক সঞ্জয় দত্ত, শিক্ষক শ্যামল বিশ্বাস, সমাজকর্মী নরোত্তম বিশ্বাস, উত্তম লোধ, জয়দেব বর্ধন প্রমুখ। সকলেই ছাত্র-ক্রীড়া সামাজিক সংগঠনের এই উদ্যোগকে সাধুবাদ জানান এবং প্রতিবছর এই রক্তদান শিবির করার আহবান জানান। স্থানীয় বাসিন্দা ও সমাজসেবি দেবাশিষ, রায় ও বিপুল মণ্ডল এলাকাবাসীর সুবিধার্থে ক্লাবকে একটি এ্যাম্বুলেন্স প্রদানের কথা ঘোষণা করেন।

মছলন্দপুরের রাজবল্লভপুর স্কুলে সংবর্ধিত মূকাভিনেতা ধীরাজ হাওলাদার

নিজস্ব প্রতিনিধি ঃ গত ৭ জানুয়ারী মছলন্দপুরের রাজবল্লভপুর উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় মিট দ্যা আইকন অনুষ্ঠান। বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে সাংস্কৃতিক মনস্কতা গড়ে তোলার উদ্দেশ্যেই এই 'মিট দ্য আইকন' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন। বিদ্যালয়ের শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি নানা সাংস্কৃতিক ও সামাজিক কার্যকলাপে অংশগ্রহনের মধ্য দিয়ে ব্যক্তিত্বের ও তাদের অন্তর্নিহিত সুপ্ত প্রতিভার বিকাশ ঘটানোর বিষয়ে আলোচনা করেন বিশিষ্ট মূকাভিনেতা ও মছলন্দপুরের ইমন মাইম সেন্টারের কর্ণধার ধীরজ হাওলাদার। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক অপূর্ব রতন মিত্রের ও শিক্ষক মনোজিৎ গাইনের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত মিট দ্য আইকন অনুষ্ঠানে ধীরজবাবুকে পুস্পস্তবক ও স্মারক উপহারে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

অনুষ্ঠানে বিদ্যালয়ের পরিচালক সমিতির সদস্যগণও উপস্থিত ছিলেন। আলোচনা শেষে ইমন মাইমের মূকাভিনয় শিল্পীগণ দেশাত্ববোধক 'মেরা ভারত মহান', মজার মূকাভিনেতা দন্ত চিকিৎসক পরিবেশ সচেতনতার উপর মূকাভিনয় নাটক একটি গাছ একটি প্রাণ পরিবেশন করেন।

নাবালিকাকে হুমকির অভিযোগ

প্রথমপাতার পর...

গ্রেফতার করা হয়। বর্তমানে সে এখন জেলে আছে। ওই মামলা চলছে বনগাঁ মহকুমা আদালতে। ওই আদালতে এদিন নাবালিকার সাক্ষী দেওয়ার কথা ছিল। বিচারকের সামনে সাক্ষী দিতে উঠে সে কান্নায় ভেঙে পড়ে।

সরকারি আইনজীবী সমীর দাস বলেন, মেয়েটিকে আদালতের কক্ষের বাইরে নিয়ে গিয়ে জিজ্ঞাসা করতেই সে জানায় তার সৎ বাবার দুই বন্ধু এসে তাকে এবং তার মাকে প্রাণনাশের হুমকি দিয়েছে। যদি সে সৎ বাবার বিরুদ্ধে সাক্ষী দেয়। সমীরবাবু বিচারককে বিষয়টি জানান। এরপরেই আদালতে আসেন গোপালনগর থানার ওসি অসীম পাল। আদালতের সিসিটিভি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখা হয় । সেখানে দেখা যায় দুই ব্যক্তি ওই মেয়েটিকে হুমকি দিচ্ছে। সমীর দাস বলেন, বিচারক পুলিশকে নির্দেশ দিয়েছে নাবালিকা ও তার মায়ের নিরাপত্তার ব্যবস্থা করতে এবং যারা হুমকি দিয়েছে তাদের খুঁজে বার করতে। এই ঘটনায় নাবালিকা ও তার মা আতঙ্কিত। পুলিশ জানিয়েছে, নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে।

গাইঘাটার নটগ্রাম সমবায়ে কৃষক সভা

সংবাদদাতা ঃ গত ১১ ডিসেম্বর এক কৃষকসভা অনুষ্ঠিত হয় গাইঘাটা ব্লকের নটগ্রাম সমবায় কৃষি উন্নয়ন সমিতির সভাগৃহে সভায় সমবায় সমিতির সদস্য ৫৮জন কৃষিজীবী মানুষজন উপস্থিত হন। সভায় ভারতবর্ষের প্রাচীন ও বৃহৎ সার প্রস্তুতকারী সংস্থা ইণ্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কো- অপারেটিভ সোসাইটি লিঃ এর জেলার ক্ষেত্র প্রবন্ধক রীতেশ ঝা উপস্থিত ছিলেন। সমবেত কৃষকদের সামনে মিঃ ঝা ইফকোর যুগান্তকারী আবিষ্কার সারের গুণাগুন এবং জমি ও ফসলে ব্যবহারের পদ্ধতি তুলে ধরেন। সেই সঙ্গে ফসলের ক্ষতিকারক জীবানু, কীট ইত্যাদী ধ্বংসকারী কীটনাশকের প্রয়োজনীয়তা এবং তা জমিতে ও ফসলে ব্যবহারের পদ্ধতির উপর আলোকপাত করেন। এদিনের কৃষি বিষয়ক আলোচনা কৃষিজীবী মানুষের মধ্যে বেশ উদ্দিপনা পরিলক্ষিত হয়।

বিএসএফ ও বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনীর বৈঠক

প্রথমপাতার পর...

দুই দেশের বিভিন্ন ইস্যু নিয়ে কথোপকথন হয়। সীমান্তে বিএসএফ সদা প্রহরায় আছে। সীমান্তে কোনো সমস্যা নেই। এদিনের বৈঠক চলে প্রায় দু'ঘণ্টা। ভারতে ফিরেই আইজি সাউথ বেঙ্গল পেট্রাপোল সীমান্তের বিএসএফ ক্যাম্পে ভারতীয় আধিকারিকদের সঙ্গে প্রায় আধাঘন্টা বৈঠক সারেন।

ভারত বাংলাদেশ সীমান্তের একাধিক এলাকায় অশান্তির পরিবেশ সৃষ্টি হয়েছে। বাংলাদেশ বর্ডার গার্ডের বিরুদ্ধে ভারতীয় সীমান্তে তারকাঁটা দিতে বাধা দেওয়া এবং ভারতের এলাকাকে নিজেদের বলে দাবি করার ঘটনা নিয়ে ক্ষুদ্ধ হয়েছে একাধিক সীমান্ত গ্রামের মানুষ। সেই আবহে দু-দেশের সীমান্তরক্ষী বাহিনীর বৈঠক যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন সাধারণ বাসিন্দারা।

চাঁদপাড়া বাণী বিদ্যাবীথির ৭৫তম বর্ষপূর্তি উৎসব

নীরেশ ভৌমিক ঃ গত ৫ জানুয়ারী সকালে বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও এলেকার শিক্ষাদরদি মানুষজনের এক বর্ণময় পদযাত্রার মধ্য দিয়ে শুরু হয় মহকুমা তথা জেলার ঐতিহ্যবাহী চাঁদপাড়া বাণী বিদ্যাবীথি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫ তম বর্ষপূর্তি উৎসব।

বর্ণাঢ্য শোভাযাত্রায় সুসজ্জিত ট্যাবলো, রণ-পা, মহিলা ঢাকীদের ঢাক বাদন ও আদিবাসী মহিলাদের নৃত্য এলেকাবাসীর নজর কাড়ে। পদযাত্রার পুরোভাগে ছিলেন বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান পরিচালক সমিতির সদস্য, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষানুরাগী মানুষজন।

সপ্তাহব্যাপী আয়োজিত নানা অনুষ্ঠানের প্রথম দিনে বিদ্যালয়ে আসেন পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সচিব সুব্রত ঘোষ। বিদ্যালয় পরিচালক সমিতির সভাপতি শান্তিপদ বিশ্বাস ও প্রধান শিক্ষক রবিউল ইসলাম সহ সকলে শ্রী ঘোষকে স্বাগত জানান। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা প্ল্যাটিনাম জয়ন্তী উপলক্ষ্যে রচিত থিম সঙ ও নৃত্যানুষ্ঠানের মাধ্যমে সচিবকে শুভেচ্ছা ও শ্রদ্ধা জ্ঞাপন করেন। বিদ্যালয়ের কৃতি পড়ুয়াগণের হাতে মেধা পুরস্কার তুলে দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন ও মধ্যাহ্নে নবীন বরণ অনুষ্ঠিত হয়। অপরাহ্নে ছৌনৃত্য শেষে পরিবেশিত হয় বিদ্যালয়ের শিক্ষার্থীদের সমবেত সংগীতানুষ্ঠান।

সন্ধ্যায় চাঁদপাড়া অ্যাক্টো পরিবেশিত ও বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব সুভাষ চক্রবর্তী নির্দেশিত এবং অভিনীত মঞ্চসফল নাটক ছাঁচ ভাঙার গান সমবেত দর্শক মণ্ডলীর উচ্চসিত প্রশংসা লাভ করে। ছিল বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নাট্যানুষ্ঠান। উৎসবের বিভিন্ন দিনে উল্লেখযোগ্য অনুষ্ঠান গুলির মধ্যে রয়েছে, চাঁদপাড়ার কলরব সাংস্কৃতিক সংস্থার নতুন নাটক গোবিন্দ কুণ্ডু রচিত ও নির্দেশিত মজার নাটক পটল কুমার। পূরবী মেঘ সাংস্কৃতিক সংস্থার মনোজ্ঞ নৃত্যের অনুষ্ঠান, শুভ্রাংশু চক্রবর্তীর ম্যাজিক শো, জেলা তথ্য সংস্কৃতি বিভাগের শিল্পীদের বাউল সংগীতানুষ্ঠান।

ছাত্র-ছাত্রীদের গানের অনুষ্ঠান, সারেগামাপা চ্যাম্পিয়ন অঙ্কিতা ভট্টাচার্যের ও ইণ্ডিয়ান আইডল খ্যাত অনন্যা চক্রবর্তীর সংগীতানুষ্ঠান। ১২ জানুয়ারী উৎসবের শেষ দিনে (যুব দিবস) রয়েছে স্বেচ্ছা রক্তদান, স্বাস্থ্য শিবির, বিজ্ঞান মডেল প্রদর্শনী ও বিদ্যালয়ের প্রাক্তনীদের পুনর্মিলন উৎসব।

পুলিশের জালে প্রায় বিরল প্রজাতির কচ্ছপ, গ্রেপ্তার ২

প্রতিনিধি ঃ প্রায় ৪০০টি বিরল প্রজাতির কচ্ছপ সহ দুই ব্যক্তিকে গ্রেফতার করলো গাইঘাটা থানার পুলিশ।

ধৃতরা নিমতা থানার বাসিন্দা প্রদীপ হালদার ও বরানগর থানার বাসিন্দা কুনাল সাহা। পুলিশ জানিয়েছে, গাইঘাটা থানার কুলপুকুর এলাকায় নাকাচেকিং এর সময় শুক্রবার রাতে একটা গাড়িতে আটক করে ভিতরে তল্লাশি করতেই ভিতরে প্রায় ১৯ টি বাক্স থেকে ৩৯৬ টি বিরল প্রজাতির কচ্ছপ উদ্ধার হয়েছে। ঘটনায় জড়িত থাকার অভিযোগে গাড়িতে থাকা দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। সূত্রের খবর, উদ্ধার হওয়া কচ্ছপগুলি বাংলাদেশে পাচারের উদ্দেশ্যে বনগাঁর সীমান্তবর্তী এলাকায় নিয়ে আসা হচ্ছিল।

যশোর রোডে ফের দুর্ঘটনা

প্রথমপাতার পর...

স্থানীয়রা জানিয়েছে, দোগাছিয়া কালুপুর এলাকায় হঠাৎ গাড়িটি বেসামাল হয়ে রাস্তার পাশের নয়ান জুলিতে উল্টে পড়ে। স্থানীয়রা ছুটে এসে তাদের উদ্ধার করে। মাথায় বুকে পেটে আঘাত লেগে গুরুতর জখন বেশ কয়েকজন। সংকীর্ণ যশোর রোড কারণেই এমন দুর্ঘটনা বারবার ঘটছে বলে দাবি স্থানীয়দের।

ছেকাটি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক মিলন উৎসবে নানা অনুষ্ঠান

সংবাদদাতা ঃ বিগত বছরের মতো এবারও গাইঘাটা পূর্ব চক্রের ছেকাটি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় বাৎসরিক মিলন উৎসব। গত ২৪ ডিসেম্বর বিদ্যালয় অঙ্গনের সুসজ্জিত মঞ্চে অনুষ্ঠিত উৎসবে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাক্‌চি, শিক্ষা কর্মাধ্যক্ষ শিক্ষক মধুসূদন সিংহ, কর্মাধ্যক্ষ সমীর হালদার, অঞ্জনা বৈদ্য, স্থানীয় ডুমা গ্রাম পঞ্চায়েত প্রধান ছন্দা সরকার, শিক্ষানুরাগী যাদব মণ্ডল, প্রশান্ত দাস সহ আরোও অনেকে। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ইলা মণ্ডল সকলকে স্বাগত জানান। শিক্ষিক-শিক্ষিকাগণ সকলকে পুষ্প স্তবকে বরণ করে নেন।

বিশিষ্ট ব্যক্তিবর্গ তাঁদের বক্তব্যে বিদ্যালয়ের পড়ুয়াগণের অন্তর্নিহিত সুপ্ত গুনাবলীর বিকাশ সাধনে বিদ্যালয়ের শিক্ষিক-শিক্ষিকাগণের এই মহতী উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। বিদ্যালয় প্রাঙ্গনে পড়ুয়াগণের ‘শিশুদের রাজ্যে হারিয়েছি আজকে’ শীর্ষক প্রদর্শনীতে কারুকলা, হস্তশিল্প, চিত্রাঙ্কন, মনীষীদের প্রতিকৃতি, পিঠেপুলি, অন্বেষণ, গরুর গাড়ির মডেল ইত্যাদি উপস্থিত সকলের নজর কাড়ে। মঞ্চ থেকে উপস্থিত বিশিষ্টজনদের হাত দিয়ে বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি সহ বিভিন্ন দিকে সেরা শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা হয়। মিলন উৎসবে বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষাদরদি মানুষজনের স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও অংশগ্রহনে আয়াজিত বার্ষিক মিলনোৎসব বেশ প্রাণবন্ত হয়ে ওঠে। সমগ্র অনুষ্ঠান পরিচালনায় বিদ্যালয়ের শিক্ষক চন্দন গাইন ও গোলক ভট্টাচার্য্যের মুন্সিয়ানা প্রশংসার দাবি রাখে। মধ্যাহ্নে উৎসবে উপস্থিত সকলের জন্য ছিল আহারের ব্যবস্থা।

বিদেশে কাজে নিয়ে প্রতারণা, পাসপোর্ট আটকে রেখে অত্যাচারের অভিযোগ

প্রতিনিধি ঃ চাকরি দেওয়ার নাম করে বিদেশে কাজে পাঠিয়ে প্রতারণা। অভিযোগ, কাজের দাবী করতেই পাসপোর্ট আটকে রেখে তাদের উপর অত্যাচার করা হচ্ছে। দেশে ফেরার জন্য কাতর আবেদন জানালেন বনগাঁ থানার বাগান গ্রাম সহ আশপাশের গ্রামের গোটা ১২জন। মঙ্গলবার দুপুরে নির্যাতিতদের পরিবারের সদস্যরা বনগাঁ থানায় এসে লিখিত অভিযোগ জানালেন অভিযুক্ত প্রতারক দালালের বিরুদ্ধে। পরিবারের সন্তানদের দেশে ফেরানোর কাতর আবেদন জানালেন প্রশাসনের কাছে। পরিবারের সদস্যরা জানিয়েছেন, বাগান গ্রামের বাসিন্দা আসাদুল মন্ডল মালয়েশিয়ায় থাকে। বছর খানেক আগে ৩ লক্ষ৩০ হাজার টাকার বিনিময়ে বাগানগ্রাম বাংলানি সহ আশপাশের এলাকার প্রায় ১২ জন ব্যক্তিকে বিদেশে কাজ দেবার নাম করে নিয়ে যায়। ইমারতীর কাজ দেওয়ার নাম করে নিয়ে যায়।

অভিযোগ, সেখানে গিয়ে তাদের কোন কাজের ব্যবস্থা করা হয়নি। এরপরেই তারা বুঝতে পারে প্রতারিত হয়েছে। কাজের দাবী জানাতেই তাদের পাসপোর্ট কেড়ে নেওয়া হয়। স্থানীয়দের দিয়ে ভয় দেখানো হচ্ছে বলে অভিযোগ। ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ায় মালয়েশিয়াতে তারা চরম ভোগান্তির মধ্যে পড়েছে। প্রশাসনের কাছে তাদের দেশে ফিরিয়ে আনার কাতর আবেদন জানিয়েছেন।

নির্যাতিতার পরিবারের সদস্যরা জানিয়েছেন, তারা স্থানীয়ভাবে যোগাযোগ করে বিভিন্ন কাজকর্ম করলেও তাতে খাওয়া হচ্ছে না। বাগান গ্রামের যুবক আশরাফ মন্ডল, সাহাজাহান মন্ডল বর্তমানে মালয়েশিয়ায় আটকে রয়েছে। তাদের মা খালেদা মন্ডল ও আশিয়া মন্ডল বলেন, এক বছরের বেশি ছেলেদের আটকে রেখেছে, পাসপোর্ট কেড়ে নিয়েছে। ভয় দেখাচ্ছ। অভিযুক্ত সাহাদুল ফোন ধরছে না, কোন যোগাযোগ করছে না। ওদের দেশে ফেরানোর ব্যবস্থা করুক প্রশাসন। প্রশাসন সূত্রে জানানো হয়েছে। অভিযোগ পেয়ে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

গাইঘাটার পাঁচপোতায় যোগ শিবির অনুষ্ঠিত

প্রতিনিধি ঃ তিন দিনের একযোগ শিবির অনুষ্ঠিত হল গাইঘাটা ব্লকের পাঁচপোতা জিসি দাস অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ে। গত ২৮-৩০ ডিসেম্বর অনুষ্ঠিত যোগ দিবসে বিশিষ্টজনদের উপস্থিত ছিলেন রাজ্য প্রভাবরী শিবনারায়ণ দে, সুমন মুখোপাধ্যায়, অনির্বান বাড়ুই ও প্রদীপ বিশ্বাস প্রমুখ।

উদ্বোধন অনুষ্ঠান পরিচালনা করেন, শিব নারায়ণ দে। এছাড়াও ছিলেন বিশিষ্ট শিক্ষক পিন্টু সমাদ্দার সুবর্ন বিশ্বাস। শিবিরের শেষ দিনে অংশ গ্রহণকারী সকলের হাতে শংসাপত্র তুলে দিয়ে শুভেচ্ছা জানান উপস্থিত প্রশিক্ষনার্থীগণের মধ্যে বেশ উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

নিউ পি সি জুয়েলার্স
২২/২২ ক্যারেট হলমার্ক যুক্ত এবং আধুনিক ডিজাইনের সোনার গহনা প্রস্তুতকারক।
সোনার দাম পেপার দরে
আমাদের প্রতিষ্ঠানে Salesman প্রয়োজন ২ থেকে ৩ বছরের অভিজ্ঞতা থাকা দরকার
নিউ পি সি জুয়েলার্স
বাটার মোড়, বনগাঁ
নিউ পি সি জুয়েলার্স ব্রাঞ্চ
লোকনাথ মার্কেট, বাটার মোড়, বনগাঁ
নিউ পি সি জুয়েলার্স বিউটি
মতিগঞ্জ, হাটখোলা, বনগাঁ
নিউ পি সি অপটিক্যাল
বাটার মোড়, বনগাঁ
নিউ পি সি জুয়েলার্স
১০৭ ওল্ড চায়না বাজার স্ট্রিট, রাম রহিম মার্কেট,
৩য় তলা, রুম নং ৩০৪, কলকাতা-৭০০০০১
আমাদের Testing Card সমেত গ্রহস্থ পাওয়া যায় যা ব্যবহার করার পর ফেরত মূল্য পাওয়া যায়
হলমার্ক ছাড়া পুরানো সোনা কম্পিউটার দ্বারা টেস্টিং করে নেওয়া হয়। আমাদের সুদক্ষ কারিগর প্রয়োজন শীঘ্রই যোগাযোগ করুন আমাদের প্রতিষ্ঠানে GUN MAN প্রয়োজন।
Mob : - 80177 18950 / 82503 37934

আমাদের শোরুম প্রতিদিন খোলা
এন পি.সি. অপটিক্যাল
১। বনগাঁতে নিয়ে এলো আধুনিক এবং উন্নত মানের সকল প্রকার চশমার ফ্রেম ও সমস্ত রকমের আধুনিক এবং উন্নত মানের পাওয়ার গ্লাসের বিপুল সম্ভার।
২। সমস্ত রকম কন্টাক্ট লেন্স-এর সুব্যবস্থা আছে।
৩। আধুনিক লেন্সোমিটার দ্বারা চশমার পাওয়ার চেকিং এবং প্রদানের সুব্যবস্থা আছে। এছাড়াও আমাদের চশমার ওপর লাইফটাইম ফ্রি সার্ভিসিং দেওয়া হয়।
৫।আমাদের এখানে চশমার ফ্রেম এবং সমস্ত রকমের পাওয়ার গ্লাস হোলসেল এর সুব্যবস্থা আছে।
চক্ষু বিশেষজ্ঞ ডাক্তারবাবুদের চেম্বার করার জন্য সমস্ত রকমের ব্যবস্থা আছে।
যোগাযোগ করতে পারেন। মো: 8967028106
বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯ / ৭০৭৬২৭১৯৫২

Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and
Printed at KUMAR PRESS at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 ☎ - **9232633899 / 9134228513 / 9647791986 / 8972800084**
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in Sub- Editor- **Haridas Golder** Editor- **Utpal Mallick**